

প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব শিক্ষক দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভা

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৫ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব শিক্ষক দিবস ২০২৩ পালিত হয়েছে। এ উপলক্ষে ৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাস কনফারেন্স হলে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, শিক্ষকতা পেশা সমাজে সব চেয়ে মর্যাদাসম্পন্ন একটি পেশা। বাবা মায়ের পরেই জীবনে শিক্ষকের ভূমিকা সব চেয়ে বেশী। আমাদের সমাজ ও দেশ পরিচালনায় নেতৃত্ব দেন শিক্ষকরা। একজন শিক্ষক সমাজ বিনির্মাণে তার গবেষণা, ফিলোসফি, গাইডার ও মেন্টর হিসেবে কাজ করেন। তাই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ পরিচালনায় ও বিভিন্ন আন্দোলন সংগ্রামে শিক্ষকদের সাথে নিয়ে কাজ করেছেন। তারই ধারাবাহিকতায় বঙ্গবন্ধুর সূযোগ্য কণ্যা বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'ও শিক্ষকদের সম্মান অক্ষুণ্ন রেখেছেন। বঙ্গবন্ধু কণ্যা শিক্ষকদের সমাজের সর্বোচ্চ মর্যাদার স্থানে রেখে কাজ করে যাচ্ছেন। এসময় প্রধান অতিথি সকল শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, শিক্ষকদের দ্বারাই দেশ ও জাতির কল্যাণ হয়ে থাকে। তাই শিক্ষকরা তাদের শিক্ষার্থীদের এমনভাবে শিক্ষা দিবেন যেন সেই শিক্ষার্থীরাই বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ ও বাহন করে তাদের জীবনের গতি পথ পরিবর্তন করে দেশ ও জাতির কল্যাণে দেশকে এগিয়ে নিয়ে যেতে পারে। এসময় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ড.তাজিজুর রহমান, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. সুব্রত কুমার দাস, আইন অনুষদের ডিন সুপ্রভাত হালদার, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়ছার, শেখ হাসিনা হল প্রভোস্ট ড. রেহানা পারভীন প্রমুখ। সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন দিলআফরোজ খানমের সভাপতিত্বে আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন অনুষদের ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যানবন্দ, প্রভোস্ট, ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্র পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবন্দ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইল: b.university.pro@gmail.com

ওয়েবসাইট: bu.ac.bd; ফোন: ০১৭১১০০১৯০৫

Office of the Public Relations

University of Barishal

E-mail: b.university.pro@gmail.com

Web: bu.ac.bd; Cell: 01711001905
